

## যুবরা লড়ছে, লড়বে; জঙ্গিবাদ এর মূলোৎপাটন করবে

স্থানঃ জাতীয় ক্রীড়া পরিষদ মিলনায়তন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
তারিখঃ ২২ জুলাই, ২০১৭খ্রিঃ।

অদ্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তরাধীন শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের উদ্যোগে জাতীয় ক্রীড়া পরিষদ মিলনায়তনে জঙ্গি বিরোধী কর্মকাণ্ডে যুবদের উদ্বৃদ্ধিকরনের লক্ষ্যে যুব সমাবেশ ২০১৭ আয়োজন করা হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব ড. শ্রী বীরেন শিকদার এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব আরিফ খান জয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় ক্রীড়া পরিষদ এর সচিব জনাব অশোক কুমার সাহা। সমাবেশে ২০১৭এর সভাপতি ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক জনাব আনন্দ্যারুল করিম। সমাবেশে যুব উন্নয়ন অধিদপ্তরের ঢাকা বিভাগসহ অন্যান্য জেলার বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ও যুব মহিলা, কলেজ/ বিশ্ববিদ্যালয়ের ছাত্র, বিভিন্ন যুব সংগঠনের প্রতিনিধি, পুরস্কার প্রাপ্ত যুব সংগঠক ও সফল আঘাকর্মী এবং ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের প্রতিনিধিসহ প্রায় ১০০০জন যুব ও যুব মহিলা অংশগ্রহণ করেন। এছাড়াও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, আমন্ত্রিত সরকারী ও বেসরকারী সংস্থার কর্মকর্তাবৃন্দ, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাধিকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। \*

সমাবেশে অংশগ্রহণকারীদের মধ্য হতে ১। জনাব রোকাইয়া আলম, ছাত্রী (Department of Government and Politics), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২। জনাব ইদ্রিস আলী (প্রতিবন্ধী যুবক), ছাত্র জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সেক্রেটারী, Bangladesh Youth Disabled Council, Magura, ৩। জনাব মিরাজ জামান রাজ, ছাত্র (CSE), প্রাইম বিশ্ববিদ্যালয়, ৪। জনাব নুসরাত জাহান, প্রশিক্ষণপ্রাপ্ত, কর্মজীবি, ৫। জনাব এ কে এম নেয়ামতউল্লাহ বাবু জাতীয় পুরস্কারপ্রাপ্ত যুব সংগঠক ২০১০ এবং সভাপতি, ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম, ৬। জনাব মোঃ জাকির হোসেন, জাতীয় পুরস্কারপ্রাপ্ত যুব সংগঠক ২০০৯ এবং ৭। জনাব নীতা রাণী সাহা, যুব সংগঠক এবং ছাত্রী, শিল্পকলা একাডেমী বক্তৃব্য প্রদান করেন।

সমাবেশে উপস্থিত যুবরা জঙ্গিবাদের বিরুদ্ধে তাদের দৃঢ় অবস্থান ঘোষণা করেন এবং জঙ্গিবাদকে দেশের মাটি হতে সম্মুলে উৎপাটনের লক্ষ্যে সম্মিলিতভাবে সার্বিক প্রচেষ্টা নিয়োজিত করার অঙ্গীকার ব্যক্ত করেন।